



বীর শহীদ

মো: হৃদয়

জন্ম তারিখ:

৩ ফেব্রুয়ারি, ১৯৯৭

শাহাদাতের তারিখ:

২০ জুলাই, ২০২৪

বিভাগ:

ঢাকা

জেলা:

ভোলা

শহীদের সংক্ষিপ্ত জীবনবৃত্তান্ত

পেশা : কাঠমিস্ত্রি,

শাহাদাতের স্থান : ভূমি পাম্পের গেট, সিদ্ধিরগঞ্জ, নারায়ণগঞ্জ

শাহাদাতের বিস্তারিত ঘটনা ও ইতিহাস

শহীদ মো: হৃদয় ভোলা জেলায় ১৯৯৭ সালের ৩ ফেব্রুয়ারি জন্মগ্রহণ করেন। পিতা সফেদ আলী এবং মাতা মনোয়ারা বেগম। স্ত্রী শিরিনা আক্তার। শহীদ হৃদয়ের বয়স যখন ৩ বছর তখন তার বাবা অন্যত্র বিয়ে করে পরিবারের সবাইকে রেখে চলে যান। পাঁচ বছর বয়সে তার মা অন্যত্র বিয়ে করে চলে যায়। নানা-নানী অন্যের বাড়িতে কাজ করে হৃদয়কে লালন পালন করেন। বর্তমান শহীদ হৃদয়ের ভিটা বাড়ি ছাড়া আর কিছুই নেই। শহীদ হৃদয় কাঠমিস্ত্রির কাজ করে ৪ সদস্যের পরিবারটির ভরণপোষণের ব্যবস্থা করতেন। বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন চলাকালীন সময়ে ২০ জুলাই শহীদ হৃদয় বিজিবি ও পুলিশের এলোপাখাড়ি গুলিতে শহীদ হন। একমাত্র উপার্জনক্ষম শহীদ হৃদয়কে হারিয়ে তার স্ত্রী, ছেলে ও মেয়ে অসহায় হয়ে পড়েছেন। তাদের দেখভালো করার আর কেউ পৃথিবীতে নেই।

শাহাদাতের প্রেক্ষাপট

বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের কমপ্লিট শাটডাউন চলাকালীন সময়ে ২০ জুলাই ২০২৪ তারিখে বিকাল পাঁচটায় ভূমি পাম্পের গেটে শহীদ হৃদয়সহ অনেক মানুষ একত্রিত হয়। এমতাবস্থায় ছাত্র-জনতার ওপর পুলিশ ও বিজিবি এলোপাখাড়ি গুলি বর্ষণ শুরু করে। হঠাৎ একটি গুলি তার কপালে এসে আঘাত করলে সাথে সাথে তিনি মাটিতে লুটিয়ে পড়ে মৃত্যু বরণ করেন।

শহীদের পরিবার সংক্রান্ত বিশেষ তথ্য

দেশের মানুষকে স্বেচ্ছাচারমুক্ত করতে শহীদ মো: হৃদয় শাহাদত বরণ করেন। মৃত্যুকালে রেখে যান অতি আদরের ছোট ছোট দুটি ছেলে মেয়ে। একজন আব্দুল্লাহ (৪) এবং অপরজন নুসরাত (১)। শহীদ মো: হৃদয়ের জমিজমা, ভিটে বাড়ি কিংবা আয়ের অন্য কোনো উৎস নেই। পরিবারের একমাত্র উপার্জনক্ষম ব্যক্তিকে হারিয়ে পুরো পরিবার দিশেহারা। শহীদ হৃদয়ের পিতা-মাতাও যার যার মত বিয়ে করে আলাদা আলাদা সংসার করেন। স্ত্রী ও ছোট ছোট ছেলে মেয়েদের বেঁচে থাকার জন্য পরিবারটির জন্য মাসিক সহায়তা, বসবাসের জন্য একটি বাড়ি এবং সন্তানদের লেখাপড়ার জন্য আর্থিক সহায়তা প্রয়োজন।

ব্যক্তিগত প্রোফাইল

নাম : শহীদ মো: হৃদয়

জন্ম তারিখ : ৩ ফেব্রুয়ারি ১৯৯৭

পিতার নাম : সফেদ আলী

মাতার নাম : মনোয়ারা খাতুন

স্ত্রীর নাম : শিরিনা আক্তার

ছেলে-মেয়ে : এক ছেলে ও এক মেয়ে

ছেলে: আব্দুল্লাহ (৪) এবং মেয়ে নুসরাত (১)

স্থায়ী ঠিকানা : গ্রাম: দুর্গাপুর, ইউনিয়ন: জয়শ্রী, থানা: ধর্মপাশা, জেলা: সুনামগঞ্জ

বর্তমান ঠিকানা : হাউসিং আবাসিক এলাকা, সিদ্ধিরগঞ্জ, নারায়ণগঞ্জ

আহত হওয়ার স্থান : ভূমি পাম্পের গেট, সিদ্ধিরগঞ্জ, নারায়ণগঞ্জ

আহত হওয়ার সময় কাল : ২০ জুলাই ২০২৪, বিকাল পাঁচটা

শহীদ হওয়ার সময় : ২০ জুলাই ২০২৪, বিকাল ৫টা, ভূমি পাম্পের গেট, সিদ্ধিরগঞ্জ, নারায়ণগঞ্জ

যাদের আঘাতে শহীদ : পুলিশ ও বিজিবি

প্রস্তাবনা

১. শহীদ পরিবারের জন্য একটি স্থায়ী আবাসন তৈরি করে দেওয়া
২. শহীদের পরিবারের জন্য নিয়মিত ভাতার ব্যবস্থা করা
৩. শহীদের ছোট ছোট দুই সন্তানের পড়ালেখাসহ যাবতীয় খরচ নির্বাহ করা

পবিত্র কুরআনের বাণী

আর যারা আল্লাহর পথে নিহত হয়েছে তাদেরকে কখনোই মৃত মনে করো না; বরং তারা জীবিত এবং তাদের রবের কাছ থেকে তারা জীবিকা-প্রাপ্ত হয়ে থাকে। (সূরা আল-ইমরান ৩:১৬৯)

হাদীস শরীফ

হজরত আবদুল্লাহ ইবনে মাসউদ (রা.) বলেন, রাসুলুল্লাহ (সা.) বলেছেন, “শহীদদের আত্মা সবুজ পাখির পেটে থাকে।” (সহীহ মুসলিম ১৮৮৭)

দোয়া পাঠ: ০ জন

শহীদের স্মৃতিচিত্র ও ফটো গ্যালারি



[illegible][illegible]